# ৩৬তম বিসিএস লিখিত পরীক্ষা

বিষয় কোড : ০০৫

নির্ধারিত সময় : ৪ ঘণ্টা, পূর্ণমান : ২০০

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

নম্বর

১. ক. বাংলাদেশের ভূপ্রকৃতিতে প্রবাল দ্বীপ এর গুরুত্ব কী? ৫

খ. বাংলাদেশের নিষ্ক্রিয় বদ্বীপসমূহ বলতে কী বোঝেন? ৫

গ. বাংলাদেশের ভূপ্রকৃতিতে বরেন্দ্র অঞ্চল এবং বরেন্দ্র জাদুঘর এর গুরুত্ব বর্ণনা করুন। ৫

ঘ. বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনার, জাতীয় স্মৃতিসৌধ এবং সংসদ ভবনের ঐতিহাসিক গুরুত্ব কী? ৫

২. ক. বাঙালি জাতীয়তাবাদের উদ্ভবে ১৯৫২ সালের ভাষা আন্দোলন এর তাৎপর্য বর্ণনা করুন। ৫

খ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের গুরুত্ব আলোচনা করুন। ৫

গ. বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ১৯৭০ সালের সাধারণ নির্বাচনের প্রভাব পর্যালোচনা করুন। ৫

ঘ. মুজিবনগর সরকার বলতে কী বোঝেন? ৫

৩. ক. বাংলাদেশের ১৯৭২ সালের সংবিধানের রাষ্ট্র পরিচালনার মূলনীতিগুলো কী কী? ৫

খ. বাংলাদেশের সংবিধান অনুসারে জনগণের মৌলিক অধিকারসমূহ কী কী? ৫

গ. বাংলাদেশের সংবিধানে উল্লিখিত নারীর অধিকারগুলো লিখুন। ৫

ঘ. *‘প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ’* বাংলাদেশের সংবিধান অনুসারে সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুসারে ব্যাখ্যা করুন। ৫

৪. ক. বাংলাদেশের স্থানীয় সরকারের কাঠামো তুলে ধরুন। ৫

খ. স্থানীয় সরকার পৌরসভা নির্বাচন বিধিমালা-২০১৫ বর্ণনা করুন। ৫

গ. ‘বাংলাদেশের পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ’– আলোচনা করুন। ৫

ঘ. ‘ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০১৬’ পর্যালোচনা করুন। ৫

৫. ক. ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর পাকিস্তানী বাহিনীর আত্মসমর্পণ দলিলের গুরুত্ব বর্ণনা করুন। উক্ত দলিলে পাকিস্তান ও ভারতীয় বাহিনীর পক্ষে কে কে স্বাক্ষর করেন এবং মুক্তি বাহিনীর পক্ষে কে উপস্থিত ছিলেন? ৫

খ. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস-আলোচনা করুন। ৫

গ. স্বাধীন বাংলাদেশ থেকে ভারতীয় সেনাবাহিনীর প্রত্যাহার কার্যক্রম-পর্যালোচনা করুন। ৫

ঘ. বাংলাদেশের ছিটমহল সমস্যা সমাধানে বর্তমান সরকারের অর্জন আলোচনা করুন। ৫

৬. ক. সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল উদ্দেশ্যসমূহ কী কী? ৫

খ. বাংলাদেশ সরকারের ২০২১ সালের মধ্যে উন্নয়নের লক্ষ্যসমূহ পর্যালোচনা করুন। ৫

গ. পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়ন বলতে কী বোঝেন? ৫

ঘ. মেট্রোরেল প্রকল্পের সম্ভাবনা এবং অগ্রগতি পর্যালোচনা করুন। ৫

৭. ক. নারীর ক্ষমতায়নে বর্তমান সরকারের ৫টি উল্লেখযোগ্য পদক্ষেপ কী? ৫

খ. খেতাবপ্রাপ্ত তিনজন নারী মুক্তিযোদ্ধার নাম, অবদানসহ উনারা কোন কোন সেক্টরে যুদ্ধ করেন? বর্ণনা করুন। ৫

গ. বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে কখন প্রথম মহিলা বিচারপতি নিয়োগ দেওয়া হয়? উক্ত বিচারপতির নাম এবং সংক্ষেপে পেশাগত জীবনী লিখুন। ৫

ঘ. বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক খেতাব প্রাপ্তিসমূহ বর্ণনা করুন। ৫

৮. ক. আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এ পর্যন্ত কতজনকে মৃত্যুদণ্ড প্রদান করা হয়েছে এবং কার কার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে? ৫

খ. E- Tendering বলতে কী বোঝায়? বাংলাদেশে কখন থেকে E-Tendering ব্যবস্থা চালু করা হয়েছে? ৫

গ. সাংবিধানিক পদ বলতে কী বোঝায়? বাংলাদেশে ৫টি সাংবিধানিক পদের নাম ও সংক্ষেপে দায়িত্ব লিখুন। ৫

ঘ. বাংলাদেশের নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন পর্যবেক্ষণ দলসমূহের ভূমিকা/ গুরুত্ব বর্ণনা করুন। ৫

৯. বাংলাদেশের সংবিধানের নিম্নলিখিত সংশোধনীগুলোর রাজনৈতিক প্রেক্ষাপট ও গুরুত্ব বর্ণনা করুন।

ক. বাংলাদেশের সংবিধানের ৫ম সংশোধনী। ৫

খ. বাংলাদেশের সংবিধানের ১২তম সংশোধনী। ৫

গ. বাংলাদেশের সংবিধানের ১৫তম সংশোধনী। ৫

ঘ. বাংলাদেশের সংবিধানের ১৬তম সংশোধনী। ৫

১০. টীকা লিখুন (যে-কোনো চারটি) : ৫×৪ = ২০

ক. আয়কর মেলা।

খ. জাতীয় শিক্ষানীতি-২০১০।

গ. আইন এবং অধ্যাদেশের মধ্যে পার্থক্য।

ঘ. SAARC এবং বাংলাদেশ।

ঙ. Representation of Peoples' Order (RPO)।

চ. বাংলাদেশে সংবাদপত্রের স্বাধীনতা।